

স্থান নির্ধারণে ইউজিসি প্রতিনিধিদল আসছে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের ঘোষণায় শাহজাদপুরে আনন্দ-উল্লাস

প্রতিনিধি, শাহজাদপুর, (সিরাজুল্লাহ)

শাহজাদপুরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে প্রধানমন্ত্রীর এমন ঘোষণায় এলাকাতুলে বিরাজে করছে উৎসবের আবেগ। বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও পেশাজীবী সংগঠনের উদ্যোগে চলছে আনন্দ মিছিল ও মিষ্টি বিতরণ। গতকাল সোমবারও এর ধারাবাহিকতা চলবে। এদিকে উপজেলা আওয়ামী লীগের পক্ষ থেকে আনন্দ মিছিল ও মিষ্টি বিতরণ করা হয়েছে। দলীয় কার্যালয় থেকে স্থানীয় সংসদ সদস্য চয়ন ইসলাম ও উপজেলা পরিষদ চেয়ারম্যান হাসিবুর রহমান খপনের নেতৃত্বে আওয়ামী লীগ ও এর অঙ্গ সহযোগী সংগঠনের নেতা-কর্মী-সমর্থকদের এক বিশাল আনন্দ মিছিল বের হয়। শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে দলীয় কার্যালয় এসে তা শেষ হয়। মিছিল শেষে দলীয় কার্যালয় চত্বরে অনুষ্ঠিত এক সংক্ষিপ্ত সমাবেশে প্রধানমন্ত্রীর শ্রেষ্ঠ হাসিনার প্রতি কৃতজ্ঞতা ও অভিনন্দন জানিয়ে বক্তব্য রাখেন স্থানীয় সংসদ সদস্য চয়ন ইসলাম, উপজেলা পরিষদ চেয়ারম্যান হাসিবুর রহমান খপন, ডাইস চেয়ারম্যান গোলাম মুগা আজম, অধ্যাপক আজাদ রহমান পৌর আওয়ামী লীগ সভাপতি আব্দুর রহিম, সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম শাহ প্রমুখ। উল্লেখ্য, গত শনিবার সিরাজুল্লাহ সড়কপথে এক পরসতায় প্রধানমন্ত্রী শাহজাদপুরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ঘোষণা দেন। এদিকে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের সন্ধ্যা স্থান নির্ধারণের জন্য ইউজিসি একটি প্রতিনিধি দল আগামী ৮ ফেব্রুয়ারি শাহজাদপুরে আসছেন। এ ব্যাপারে গতকাল সোমবার ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার সখীপ কুমার সরকারের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, সম্প্রতি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) শাহজাদপুরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের জন্য সন্ধ্যা স্থান নির্ধারণ করে একত্রে ৫০ একর জমির অবস্থান ও এর প্রাথমিক মূল্য উল্লেখপূর্বক স্বল্পতম সময়ের মধ্যে প্রতিবেদন আকারে পাঠানোর জন্য চিঠি দেন। এর পরিপ্রেক্ষিতে শাহজাদপুর উপজেলার নরিনা মৌজার বড়ো নগরবাড়ী মহাসড়কের পাশে, দারিয়াপুর মৌজার জে জে কল্যাণ ট্রাস্ট সংলগ্ন এলাকা ও পোতাভিযা মৌজার গোহালা নদীর তীরবর্তী ৩টি জায়গার দাগ নং কেচ, সার্বিক অবস্থান ও প্রাথমিক মূল্য উল্লেখ করে ইতোমধ্যেই ইউজিসি বরাবর পাঠানো হয়েছে। তিনি আরও জানান, আগামী ৮ ফেব্রুয়ারি রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের সন্ধ্যা স্থান নির্ধারণের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের একটি প্রতিনিধি দল শাহজাদপুরে আসছেন।